দামুড়হুদায় ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকি পালন করা হয়েছে। গতকাল রোববার বিকেল ৫টার দিকে দিবসটি উপলক্ষে দামুড়হুদা উপজেলা বিএনপির অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা ও কেক কাটা হয়।

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আয়োজনে উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুর রহমান সবুজের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ইনজামুল হক, জুলফিকার আলি ভুট্টু, সাগর হোসেন, আ: রহিম, তরিকুল ইসলাম, সদস্য সন্টু, আসিফ, ফিরোজ, সজিব, তুহিনুর রহমান সোহাগসহ বিভিন্ন ইউনিয়ন ছাত্রদল নেতা।

অপরদিকে, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আয়োজনে বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক মকলেছুর রহমান রহমান মুকুলের নেতৃত্বে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, আনন্দ র্যালী ও কেক কাটা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ইমরান হোসেন, আবু জাফর তন্ময়, সদস্য সাজিদুর রহমান সাজিদ, আলফাজ হোসেন, সোয়েব, সজল, শাওন, জিহাদ, আকাশ, রাজু, তাওহিদ প্রমুখ।

বাম্পার ফলন , দামে হতাশ

এম এফ রুপক / ফয়সাল আহম্মেদ

মেহেরপুরে ইতোমধ্যে নতুন পেয়াজ উঠতে শুরু করেছে। ঘরে ঘরে চলছে পেয়াজ কাটার উৎসব। খোলা বাজারেও দেখা মিলছে পেয়াজের। কিন্তু লাভের আশায় পেয়াজ চাষ করে ক্ষতির মুখে পড়েছে এলাকার চাষিরা। ন্যায্য দাম না পেয়ে বিঘা প্রতি ২০ হাজার টাকা থেকে ২৫ টাকা

লোকসানের মুখে পড়েছে চাষিরা। অনেক জমিতে পেয়াজ পরিপক্ক হলেও দাম না থাকায় তুলতে পারছে না চাষিরা।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ি এ বছর মেহেরপুরে প্রায় ৩ হাজার ৩শ হেক্টর জমিতে পেয়াজের চাষ করা হয়েছে। আবহাওয়া অনুকুল থাকায় এ বছর পেয়াজের বাম্পার ফলন হয়েছে মেহেরপুরে। তবে দাম না পেয়ে হতাশায় ভুগছে এলাকার চাষিরা। সম্প্রতি ভারতীয় পেয়াজ বাংলাদেশে প্রবেশ ও দেশের সব জায়গাতে একই সাথে পেয়াজ তোলাতে দাম কমেছে বলে দাবি করছেন ব্যবসায়ীরা। বর্তমানে কাঁচা পেয়াজ পাইকারি দরে বিক্রি হচ্ছে ১৫-২০ টাকা দরে। বিঘা প্রতি ফড়িয়ারা দাম দিচ্ছে ২০- ২৫ হাজার টাকা। অথচ এক বিঘা জমিতে পেয়াজ উৎপাদন করতে খরচ হয়েছে ৩৫- ৪০ হাজার টাকা।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর গ্রামের পেয়াজ চাষী সেলিম, আব্দুল আজিজ, মাবুদ, ছপের আলী, ইলিয়াস, ছাদ্দামসহ বেশ কয়েকজন জানান, সোনাপুর গ্রামের প্রায় ৯০ শতাংশ মানুষ লাভের আশায় পেয়াজ চাষ করেছে। কোন কোন চাষী বিভিন্ন জায়গায় লোন করেছে পেয়াজ চাষের জন্য। কথা ছিল পেয়াজ বিক্রি করে টাকা পরিশোধ করবে। কিন্তু টাকা পরিশোধ তো দূরের কথা, উৎপাদন খরচই উঠছে না চাষিদের। এমন অবস্থায় মারাত্মক ক্ষতির মুখে পড়েছে এলাকার পেয়াজ চাষিরা।

পেয়াজ চাষি স্বপন বলেন, আমি এবছর ১২ বিঘা জমিতে পেয়াজ চাষ করেছি। পেয়াজ পরিপক্ক হয়েছে। আমি ২ বিঘা জমির পেয়াজ তুলে বিক্রি করেছি। তাতে আমার লস হয়েছে প্রায় ২৫ হাজার টাকা। বাকি ১০ বিঘা জমিতে এখনো পেয়াজ রয়েছে। দাম কম থাকায় তুলতে পারছি না।

মেহেরপুর সদর উপজেলার পেয়াজ চাষি রকিবুজ্জামান বলেন, যারা আগাম পেয়াজ চাষ করেছে তাদের লাভ হয়েছে। এক সপ্তাহ আগেও পেয়াজের দাম সন্তসজনক ছিল। কিন্তু এখন একেবারেই দাম নেই। এই দামে পেয়াজ বিক্রি করলে খরচের অর্ধেক টাকাও পেরত পাওয়া যাবে না।

মেহেরপুর কাস্টম অফিসের এক কর্মকর্তা সোনাপুর গ্রামের পেয়াজ চাষি কামাল উদ্দিন জানান, প্রতি বছর লাভের আশায় পেয়াজ চাষ করা হয়। এবারও করেছি। কিন্তু যে দাম পাওয়া যাচ্ছে তাতে লাভ তো দূরের কথা উৎপাদন খরচই উঠবে না। আমাদের মেহেরপুরে যদি পেয়াজ সংরক্ষাণাগার থাকতো তবে এই সিজনে পেয়াজ সংরক্ষণ করা যেত। তিন্তু সে ব্যবস্থা মেহেরপুরে নেই। এমন অবস্থায় আমরা চাষিরা খুব ক্ষতিগ্রস্থ হচ্ছি।

এ বিষয়ে মেহেরপুর কৃষি সম্প্রসারনণ অধিদপ্তরের উপ- পরিচালক স্বপন কুমার খাঁ বলেন, আবহাওয়া অনুকুলে থাকায় চলতি সিজনে মেহেরপুরে পেয়াজের বেশ বাম্পার ফলন হয়েছে। তবে চাহিদার তুলনায় যোগান বেশি থাকায় দাম একটু কম। তবে এক্ষেত্রে চাষিরা ৩-৬ মাস ঘরোয়া ভাবে ঝুলিয়ে রেখে পেয়াজ সংরক্ষণ করতে পারে। এছাড়াও আমরা আশা করছি আমাদের মেহেরপুরের কৃতিসন্তান জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুরে একটি সংরক্ষাণাগার নির্মাণের ব্যবস্থা করবেন। তাহলে চাষিরা যথা সময়ে সেগুলো বিক্রি করে, যথাযথ মূল্য পাবে।

মেহেরপুর ছাত্রদলের শীতবস্ত্র বিতরণ

গতকাল রবিবার বিকালে মেহেরপুর জেলা বিএনপির প্রধান কার্যালয় পৌর ঈদগাহ পাড়ায় মেহেরপুর জেলা ছাত্রদল এর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দরিদ্র শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওমর ফারুক লিটন সহ-সভাপতি মেহেরপুর জেলা বিএনপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি নেতা এডভোকেট মোখলেসুর রহমান স্বপন জেলা আইনজীবী সমিতির সদস্য, প্রভাষক ফয়েজ আহমেদ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, কাজী মিজান মেনন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, আব্দুস সালাম যুগ্ম-সম্পাদক মেহেরপুর জেলা যুবদল, রাজন শেখ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা যুবদল।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদুল ইসলাম পিন্টু যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, লিটন উদ্দিন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, তরিকুল ইসলাম সাংস্কৃতিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, আনোয়ার হোসেন সাধারণ সম্পাদক মেহেরপুর জেলা নবীন দল।

আলোচনা সভা শেষে দরিদ্র শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

ঝিনাইদহে শৈলকুপায় ৭ পুলিশসহ আহত- ৮, পরিস্থিতি নিয়ন্ত্রণে ফাঁকা গুলি

ঝিনাইদহের শৈলকুপায় পৌর নির্বাচনে আওয়ামী লীগ মেয়র প্রার্থী ও বিদ্রোহী মেয়র প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে দেশীয় অস্ত্র নিয়ে হামলা, ধাওয়া- পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

এ সময় ৭ পুলিশ সদস্য আহত হয় বলে জানা যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে পুলিশ ১২ রাউন্ড রাবার বুলেট নিক্ষেপ করে। সরোয়ার নামে বিদ্রোহী প্রার্থীর ১ কর্মী কে মুমূর্ষু অবস্থায় ঝিনাইদহ সদর হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

আওয়ামী লীগের মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের অভিযোগ দল থেকে সদ্য বহিস্কৃত স্বতন্ত্র প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী-সমর্থকরা নৌকা মার্কার মিছিলে হামলা চালায়। তবে এ অভিযোগ অস্বীকার করে মেয়র প্রার্থী তৈয়বুর রহমান বলেন নৌকা মার্কার মিছিল থেকে তার নির্বাচনী অফিসে হামলা চালানো হয়। এ সময় সরোয়ার নামে তার এক কর্মী গুরুতর আহত হয়।

স্থানীয়রা জানায়, গতকাল রবিবার সন্ধ্যার একটু আগে নৌকা মার্কার একটি মিছিল চৌরাস্থা হয়ে সরকারী ডিগ্রী কলেজ রোড দিয়ে যায়। এসময় সময় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের অফিস অতিক্রমের সময় উভয় মেয়র প্রার্থীর কর্মীদের মধ্যে ইট পাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে।

ঘটনাটি জানা জানি হলে আওয়ামী লীগ প্রার্থী কাজী আশরাফুল আজম ও বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী-সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে হামলা ও ধাওয়া পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। এ সময় পুলিশ উভয় পক্ষকে ছত্রভঙ্গ করতে ১২ রাউন্ড ফাকা রাবার বুলেট নিক্ষেপ ও

ফাঁকা গুলি ছোড়ে।

পরিস্থিতি নিয়ন্ত্রণের সময় সংঘর্ষকারীদের ইটের আঘাতে ৭ পুলিশ সদস্য আহত হয় বলে পুলিশ দাবি করছে। সংঘর্ষের সময় গোলাম সরোয়ার নামে এক আওয়ামী লীগ কর্মী গুরুতর আহত হয়। তাকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে চিকিৎসক জানান।

আওয়ামী লীগের নৌকা মার্কার প্রার্থী কাজী আশরাফুল আজম বলেন, তার কর্মী সমর্থকরা একটি মিছিল নিয়ে কলেজ রোড দিয়ে যাওয়ার সময় দল থেকে বহিষ্কারের রাগে বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী সমর্থকরা তার মিছিলের উপর হামলা চালায়।

এ হামলার কথা অস্বীকার করে বিদ্রোহী মেয়র প্রার্থী তৈয়বুর রহমান খান বলেন, নৌকা মার্কার মিছিল থেকে তার কলেজ রোডের স্কুল মার্কেটের নির্বাচনি অফিসে হামলা চালায়।

শৈলকুপা থানার ওসি তদন্ত মহসিন হোসেন জানান, আওয়ামী লীগ ও স্বতন্ত্র মেয়র প্রার্থীর সমর্থকদের মধ্যে দেশীয় অস্ত্র নিয়ে হামলা ও ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে পুলিশ ১২ রাউন্ড ফাকা রাবার বুলেট নিক্ষেপ করে। হামলাকারীদের ইটের আঘাতে ৭ পুলিশ সদস্য আহত হয় বলে ওসি (তদন্ত) জানান।

কুমারখালীতে ৫ স্ত্রীর মধ্যে ৩ স্ত্রীকে আত্মহত্যার প্ররোচনার অভিযোগে স্বামী গ্রেফতার

কুষ্টিয়ার কুমারখালীতে প্রেমের ফাঁদে ফেলে একাধিক বিয়ের হোতা রবিউল আলমের বিরুদ্ধে চতুর্থ স্ত্রীকে আত্মহত্যায় প্ররোচনা ও

সহায়তা করার অপরাধে মামলা হয়েছে।

রবিবার ভোররি দিকে কুমারখালী উপজেলার হলবাজার থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।

এরআগে, শনিবার নিহত মৌসুমি খাতুনের পালক পিতা শহিদুল ইসলাম বাদী হয়ে কুমারখালী থানায় শিশু ও নারী নির্যাতন দমন আইনে আত্মহত্যায় প্ররোচনার মামলা দায়ের করে।

মামলার এজাহারে জানা যায়, শিলাইদহ ইউনিয়নের কল্যাণপুর গ্রামের মৃত শাজাহান প্রামাণিকের ছেলে রবিউল আলম ২ বছর পূর্বে কলেজে পড়াকালীন মৌসুমি খাতুনকে প্রেমের ফাঁদে ফেলে বিয়ে করেন। এবং বিয়ের পর থেকেই মৌসুমিকে যৌতুকের দাবীতে শারীরিক ও মানুষিকভাবে নির্যাতন করতে থাকেন। রবিউল আলম, তার মা ভানু খাতুন, চাচা আহমদ আলী রেনু ও বোন শাহিদা খাতুন ৫ লাখ টাকা যৌতুকের দাবীতে তার উপর চাপ প্রয়োগ করতে থাকলে গত ৩০ ডিসেম্বর বিকেলে মৌসুমি খাতুন ঘরের আড়ার সাথে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমান জানান, রবিউল আলম সহ ৪ জনের বিরুদ্ধে শিশু ও নারী নির্যাতন দমন আইনে মামলা হয়েছে। রোববার ভোরে গোপন সংবাদের ভিত্তিতে মামলার প্রধান আসামি রবিউলকে কুমারখালী হলবাজার এলাকা থেকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

এদিকে গত ৩১ ডিসেম্বর বুধবার সন্ধ্যায় ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দেয়া অবস্থায় রবিউলের চতুর্থ স্ত্রী মৌসুমীর লাশ উদ্ধার করে পুলিশ। মৌসুমী শহিদুল ইসলামের পালিত মেয়ে ছিলেন।

কলেজে পড়াশোনার সময় তাকে প্রেম করে বিয়ে করেন রবিউল। মৌসুমীর রহস্যজনক মৃত্যু হয়েছে। শিলাইদহ ইউনিয়নের কল্যাণপুর গ্রামের রবিউল আলম এর এমন বিয়ে কাণ্ডে তার পরিবারের সদস্যরাও বিব্রত। জানা গেছে রবিউল আলম ১৬ বছর আগে ২০০৪ সালে প্রথম বিয়ে করেন। প্রথম স্ত্রীর সাথে ছাড়াছাড়ির পর কল্যাণপুরের সাকিরের মেয়ে জোসনা কে বিয়ে করেন। নির্যাতন সইতে না পেরে জোসনা একটি ছেলে সন্তান রেখে আত্মহত্যা করেন। বর্তমানে ছেলেটির বয়স ১২ বছর।

এর এক বছরের মাথায় রবিউল দয়ারামপুর গ্রামের সাজাইয়ের মেয়ে মনিরাকে প্রেমের ফাঁদে ফেলে বিয়ে করেন। তবে তাদের সংসার বেশিদিন স্থায়ী হয়নি। অন্তঃসত্বা অবস্থায় আত্মহত্যা করেন মনিরা। তারপর গত

দুই বছর আগে পালক কন্যা মৌসুমিকে বিয়ে করেন।

এরই মাঝে গোপনে রাজিয়া সুলতানা নামে আরেক তরুণীকে বিয়ে করে শহরে বসবাস করেন রবিউল। চতুর্থ স্ত্রীর রহস্যজনক মৃত্যুর পর পালিয়ে যান রবিউল। রবিউল আলম এর বড় ভাই রানা বলেন এ ধরনের কর্মকাণ্ডে আমরা বিব্রত। তবে একাধিক বিয়ের বিষয়ে তার ভাইয়ের পাশাপাশি মেয়ে পক্ষও দায়ী বলে উল্লেখ করেন তিনি।

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে কম্বল বিতরণ

‘সব শিশুকে সঙ্গে নিয়ে বদলে দেব এ পৃথিবী’ এ শ্লোগানে ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে কম্বল ও মাস্ক বিতরণ করা হয়েছে।

রোববার সকালে ঝিনাইদহ শিশু একাডেমী মিলনায়তনে ন্যাশনাল চিলড্রেন টাস্কফোর্স (এনসিটিএফ)’র এর পক্ষ থেকে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

এনসিটিএফ’র সভাপতি তাসনিম ফারহান স্নেহা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন, সিও সংস্থার সহকারী প্রশাসনিক কর্মকর্তা মাফিদুন্নেছা শিলা।

আলোচনা শেষে শহরের বিভিন্ন এলাকার অর্ধ শতাধিক শিশুদের হাতে কম্বল ও মাস্ক তুলে দেন অতিথিবৃন্দ।

বারোবাজার রেলস্টেশনের সংযোগ সড়ক পুকুরে বিলীন, যাত্রী ভোগান্তি!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার রেল স্টেশনের সংযোগ সড়কের বেহাল দশা, রেলের যাত্রী সহ এলাকাবাসীরা চরম ভোগান্তির শিকার হচ্ছেন এই রাস্তার জন্য।

কালীগঞ্জ উপজেলার অন্যতম ব্যবসায়ীক কেন্দ্র হচ্ছে হাট বারোবাজার। সুপ্রাচীনকাল থেকে বারোবাজার এই অঞ্চলের ব্যবসা বানিজ্যের জন্য সুখ্যাতি রয়েছে। যার সুবাদে বারোবাজারে ব্যবসায়ী ও যাত্রীদের সুবিধার্থে একটি রেলস্টেশন রয়েছে। প্রতিদিন প্রায় চার শতাধিক যাত্রী এই স্টেশন হয়ে খুলনা, রাজশাহী, দৌলতদিয়া,চিলমারী রুটে চলাচল করছে।

কিন্তু বারোবাজার শহর হতে স্টেশনে যাওয়ার একমাত্র রাস্তাটি দীর্ঘদিন সংস্কারের অভাবে পার্শ্ববর্তী পুকুরের মধ্যে বিলীন হয়ে গেছে। যার ফলে দূর্ভোগে পড়েছে। বিশেষ করে অসুস্থ রোগী ও শিশুরা বেশি দূর্ভোগ পোহাচ্ছে। শহর থেকে মাত্র চারশ মিটারের এই রাস্তাটির বেহাল অবস্থার কারনে রেল হারাচ্ছে যাত্রী।

রাস্তার বিষয়ে বারোবাজার স্টেশনের স্টেশন মাস্টার মোবাশ্বের হোসেনের সাথে যোগাযোগ করলে তিনি জানান, রাস্তাটি রেলের জায়গায়, তবে রক্ষণাবেক্ষণের দায়িত্ব সম্পর্কে জানতে চাইলে বলেন, দর্শনা টু খুলনা রেল লাইন ডাবল হওয়ার সময় হয়ত রাস্তাটি মেরামত হতে পারে। তবে শুষ্ক মৌসুমে রাস্তার পাশের পুকুর পাড় দিয়ে চলাচল তরা গেলেও বর্ষায় তা খুবই কষ্টকর হয়ে পড়ে, জীবনের ঝুকি নিয়ে যাত্রীরা তখন রেল লাইনের উপর দিয়ে হেটে স্টেশনে আসেন।

রাজবাড়ী গামী এক রেল যাত্রী বলেন, তিনি তার সন্তান সম্ভবা স্ত্রী কে তার বাবার বাড়ি রাখতে যাচ্ছে, কিন্তু বাজার থেকে স্টেশনে আসার রাস্তা ভাঙা থাকায় তিনি পায়ে হেটে স্টেশনে এসেছেন।

উল্লেখ্য এই একই রাস্তা ব্যাবহার করে বারোবাজার উপ স্বাস্থ্য কেন্দ্র ও বারোবাজার ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে রোগীরা যাওয়া আসা করেন। এলাকাবাসীরা রাস্তাটি দ্রুত সময়ে সংস্কারের আহবান

জানান।

ঝিনাইদহে প্যারা মেডিকেল ডাক্তার এসোসিয়েশনের বিভাগীয় কার্যালয় উদ্বোধন

ঝিনাইদহে বাংলাদেশ প্যারা মেডিকেল ডাক্তার এসোসিয়েশন (বিপিডিএ) খুলনা বিভাগীয় অস্থায়ী কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে।

রোববার দুপুরে ঝিনাইদহ শহরের হামদহ শেখপাড়া এলাকায় ফিতা কেটে এ কার্যালয়ের উদ্ভোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ প্যারা মেডিকেল ডাক্তার এসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির সভাপতি ডা. আর এম রনি, সহ-সভাপতি ডা. কামাল হোসেন. যুগ্ম মহাসচিব ডা. মোশাররফ হোসেন, ডা. ফজলুর রহমান তপন, তথ্য ও যোগাযোগ সম্পাদক ডা. আমীরুল ইসলাম, সাহিত্য সম্পাদক ডা. আব্দুল জব্বার, ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক রাজু আহম্মেদ, যুবলীগ নেতা তরুন সমাজসেবক বিশিষ্ট ব্যবসায়ী জাহাঙ্গীর আলম।

পরে আলোচনা সভা শেষে বাংলাদেশ প্যারা মেডিকেল ডাক্তার এসোসিয়েশন খুলনা বিভাগীয় কমিটি গঠন করা হয়। এতে ডা. নজরুল ইসলাম, ডা. জাফর ইকবালকে যুগ্ম আহবায়ক ও ডা. জুইস উজ্জামানকে সদস্য করে ৫০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব-৬ এর মাদক বিরোধী অভিযানে শৈলকুপা থানাধীন ভাটই এলাকা হতে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

র্যাবের প্রেস নোট থেকে জানা যায়, গত ০২ জানুয়ারি রাত ৪ টা ১০ মিঃ সময় গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-২, র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল স্কোয়াড কমান্ডার এএসপি এইচ. এম. শফিকুর রহমান এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনার নিমিত্তে গমন করেন।

পরবর্তীতে ০২ জানুয়ারী ২০২১ ইং তারিখ রাত ৪ টা ৫০ মিনিটে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন ভাটই বাজারস্থ নাসির মেশিনারীজ নামক দোকানের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে চুয়াডাঙ্গা জেলার সদর থানার রুপছায়া হল পাড়ার মোঃ আবুল কাশেম এর ছেলে মোঃ আকবর আলী (২৬) কে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়।

পরবর্তীতে উক্ত উদ্ধারকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারার মামলা করা হয়।

মুজিবনগরে পিঠা উৎসব

আবহমান গ্রাম বাংলার ঐতিহ্যের বড় অংশ দখল করে আছে পিঠা। শীত মানেই বাড়ি বাড়ি পিঠাপুলি তৈরী ও খাওয়ার ধুম পড়ে যায়।

সেই আনন্দ সকলের মাঝে ছড়িয়ে দিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে হয়ে গেল পিঠা উৎসব। প্রচলিত বিভিন্ন পিঠা প্রদর্শন ছাড়াও নতুন নতুন পিঠা তৈরী করে উৎসবে শরীক হয় ৪ টি ইউনিয়নের পল্লী মাতৃকেন্দ্র।

রবিবার দুপুর ৩টার দিকে এ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় মুজিবনগর কমপ্লেক্স শিশু পরিবারের এডি শেখ ফারুক হোসেন, মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলামসহ বিভিন্ন অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাজসেবা অফিন প্রাঙ্গণে আয়োজিত এ উৎসবে শ্রেণি ভিত্তিক পৃথক স্টলে পিঠার ডালি সাজায় পল্লী মাতৃকেন্দ্রের সদস্যরা। ভাপা, পাটিসাপটা, পাকান, দুধপুলি, দুধসর, সরু, কুলি ও চিতই পিঠাসহ বিভিন্ন ধরনের পিটা প্রদর্শন করে। আয়োজন নিয়ে উচ্ছসিত ছিলেন অংশগ্রহণকারীরা।

শীতের পিঠা উৎসব নিয়ে সন্তোষ প্রকাশ করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, উপজেলা সমাজসেবা অফিস এ ধনেরর সুন্দর একটি উৎসবের আয়োজন করায় আমরা সকলেই আনন্দিত। এ ধরনের আয়োজন প্রতি বছরই করা দরকার। গ্রাম বাংলার ঐতিহ্য ধরে রাখতে পিঠা উৎসব গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।